

## ছাত্রদলকে বিবাহিত ও অছাত্রমুক্ত করার চেষ্টা সফল হয়নি

যুগান্তর রিপোর্ট

ছাত্রদলকে বিবাহিত এবং অছাত্রমুক্ত করার প্রচেষ্টা শেষ পর্যন্ত সফল হয়নি। গত বুধবার সংগঠনের কেন্দ্রীয় কমিটির যোজিত ৫ জনের মধ্যে ৩ জনই বিবাহিত এবং ২ জন অছাত্র ও পেশাদার ঠিকাদার। ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার যোজিত কমিটির দু'জনও কোনরকমে ছাত্রত্ব চিকিয়ে রেখেছেন।

এদিকে কেন্দ্রীয় কমিটি ও বিশ্ববিদ্যালয় শাখার যোজিত কমিটি থেকে নিয়মিত ছাত্র ত্যাগী এবং গত ৫ বছর যারা ক্যাম্পাসে ছিলেন তাদের বাদ পড়ায়, মাঠ পর্যায়ের সফল : পৃষ্ঠা : ১৫ কলাম : ৭

## সফল : ছাত্রদল

নেতাকর্মীদের মধ্যে হতাশা নেমে এসেছে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধ্য কেম্পাসে নেতাকর্মীদের মধ্যে দেখা গেল দু'ধরনের চিত্র। যারা কমিটিতে সদস্য পেয়েছেন তাদের সমর্থকরা আনন্দে উদ্বেগিত। তারা পরস্পরের মধ্যে কোলাকুলি এবং মিষ্টি বিতরণ করেন। অপরাধিকে যেসব নেতা বাদ পড়েছেন, তাদের সমর্থকরা ছিলেন বিষণ্ণ। এমনকি ঢাকা শাখার সাবেক যুগ্ম আহ্বায়ক আসাদুজ্জামান আসাদ, হায়দার আলী সৈলিন, মুহম্মীন হুশের মেজাবাহসহ অনেককে কাদতে দেখা গেল। এদের অবশ্য সভাপতি সাহাবুদ্দিন নাট্ট, সাংগঠনিক সম্পাদক শফিউল বাবী বাবুকে স্বাদুনা দিতে দেখা যায়।

এদিকে বিকাশে সবনির্বাচিত কেন্দ্রীয় ও ঢাকা শাখার নেতৃবৃন্দসহ বিপুল সংখ্যক নেতাকর্মী শহীদ রটপতি জিয়াউর রহমানের মাজারে পুষ্পার্ঘ্য অর্পণ করেছেন। এ সময় বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী আবদুল মান্নান চুইয়া, বাধ্য প্রতিমন্ত্রী আমানউল্লাহ আমান, সাহাবুদ্দিন নাট্ট, অতিথিকুল বাবী হেলাল, সুলতান সালাউদ্দিন টুকু, শফিউল বাবী বাবু, সেলিমুজ্জামান সৈলিন, এমিএম মোশাররফ হোসেন, সনিব হোসেন, আমীরুল ইসলাম আদীন, হাসান মামুন প্রমুখ উপস্থিত ছিলেন।